

সিওপি-২৮-এ লিডারশিপ গ্রুপ ফর ইন্ডাস্ট্রি ট্রানজিশনের পরবর্তী পর্যায়ের যৌথ আয়োজক ভারত ও সুইডেন

০১লা ডিসেম্বর, ২০২৩

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী সুইডেনের মাননীয় প্রধানমন্ত্রী শ্রী উলফ ক্রিস্টারসনের সাথে দুবাইয়ে সিওপি-২৮-এ ২০২৪-২৬ মেয়াদের জন্য লিডারশিপ গ্রুপ ফর ইন্ডাস্ট্রি ট্রানজিশন (লিডআইটি ২.০) এর দ্বিতীয় পর্যায়ের যৌথ সূচনা করেন।

২. ভারত ও সুইডেন ইন্ডাস্ট্রি ট্রানজিশন প্ল্যাটফর্মচালু করেছে, যা দু'দেশের সরকার, শিল্প, প্রযুক্তি সরবরাহকারী, গবেষক এবং থিঙ্ক ট্যাঙ্কগুলিকে সংযুক্ত করবে।

৩. অনুষ্ঠানে প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে লিডআইটি ২.০ নিম্নলিখিত বিষয়গুলিতে মনোনিবেশ করবে:

- ◆ অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায়সঙ্গত শিল্প রূপান্তর
- ◆ স্বল্প-কার্বন প্রযুক্তির সহ-উন্নয়ন এবং স্থানান্তর
- ◆ শিল্প রূপান্তরের জন্য উদীয়মান অর্থনীতিতে আর্থিক সহায়তা

৪. ভারত ও সুইডেন ২০১৯ সালে নিউইয়র্কে জাতিসংঘের ক্লাইমেট অ্যাকশন সামিটে যৌথভাবে লিডআইটি চালু করেছিল।

দুবাই

০১লা ডিসেম্বর, ২০২৩